**রেজিস্ট্রারের কার্যালয়** **ইসলামী বিশ্ববিদ্যালয়**
**কুষ্টিয়া**

স্মারক নং-২/শিক্ষা/ইবি-২০২৩/ ১০৭ তারিখঃ- ১৩-০৪-২০২৩

## ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান/বিবিএ/ইঞ্জিনিয়ারিং/ফার্ম) শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি

ইসলামী বিশ্ববিদ্যালয়ে প্রনীত প্রথম বর্ষ ভর্তি অর্ডিন্যান্স এর আলোকে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান/বিবিএ/ইঞ্জিনিয়ারিং/ফার্ম) শ্রেণিতে নিম্নবর্ণিত ইউনিটের অন্তর্ভুক্ত বিভাগসমূহে ভর্তিচ্ছু আবেদনকারীগণ প্রকাশিত ভর্তি নির্দেশিকায় উল্লেখিত শর্তসমূহ যথাযথভাবে অনুসরণ পূর্বক ওয়েবসাইট www.iu.ac.bd/admission-এ নির্দেশিত ধাপসমূহ অনুসরণ করে আবেদন করতে পারবে।

১। ইউনিট কোর্ড ও বিভাগসমূহ ঃ

| ইউনিটের কোড | ইউনিটভূক্ত বিভাগের নাম |
|---|---|
| **A**<br>**প্রকৌশল ও প্রযুক্তি অনুষদ, বিজ্ঞান অনুষদ ও জীব বিজ্ঞান অনুষদ।** | (১) ইলেক্ট্রিক্যাল এণ্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং, (২) ফলিত রসায়ন ও কেমিকৌশল,<br>(৩) কম্পিউটার সায়েন্স এণ্ড ইঞ্জিনিয়ারিং, (৪) ইনফরমেশন এণ্ড কমিউনিকেশন টেকনোলজি,<br>(৫) বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিং, (৬) গণিত, (৭) পরিসংখ্যান, (৮) জিওগ্রাফি এন্ড এনভায়রনমেন্ট,<br>(৯) বায়োটেকনোলজি এণ্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং, (১০) ফলিত পুষ্টি ও খাদ্য প্রযুক্তি, (১১) ফার্মেসী |
| **B**<br>**কলা অনুষদ, সামাজিক বিজ্ঞান অনুষদ ও আইন অনুষদ ।** | (১) বাংলা, (২) ইংরেজী, (৩) ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, (৪) ফাইন আর্টস,<br>(৫) অর্থনীতি , (৬) লোক প্রশাসন, (৭) রাষ্ট্রবিজ্ঞান, (৮) ডেভেলপমেন্ট স্টাডিজ ,<br>(৯) সোসাল ওয়েলফেয়ার, (১০) ফোকলোর স্টাডিজ, (১১) কমিউনিকেশন এ্যান্ড মাল্টিমিডিয়া জার্নালিজম,<br>(১২) শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান, (১৩) আইন, (১৪) আল-ফিকহ এন্ড লিগ্যাল স্টাডিজ,<br>(১৫) ল' এন্ড ল্যান্ড ম্যানেজমেন্ট |
| **C**<br>**ব্যবসায় প্রসাসন অনুষদ** | (১) হিসাব বিজ্ঞান ও তথ্য পদ্ধতি, (২) ব্যবস্থাপনা, (৩) ফিন্যান্স এণ্ড ব্যাংকিং<br>(৪) মার্কেটিং, (৫) হিউম্যান রির্সোস ম্যানেজমেন্ট, (৬) ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট |
| **D**<br>**ধর্মতত্ত্ব ও ইসলামী শিক্ষা অনুষদ এবং আরবী ভাষা ও সাহিত্য বিভাগ ।** | (১) আল-কুরআন এন্ড ইসলামিক স্টাডিজ, (২) দাওয়াহ এণ্ড ইসলামিক স্টাডিজ,<br>(৩) আল-হাদীস এণ্ড ইসলামিক স্টাডিজ, (৪) আরবী ভাষা ও সাহিত্য |

২। আবেদনকারীর ন্যূনতম যোগ্যতা ঃ

যে সকল ছাত্র-ছাত্রী ২০২১ বা ২০২২ সনে উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে এবং যাদের ভর্তি নির্দেশিকায় উল্লেখিত যোগ্যতা থাকবে কেবলমাত্র তারাই উপরোক্ত ইউনিট সমূহে ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের জন্য আবেদন করতে পারবে। ভর্তি নির্দেশিকায় উল্লেখিত শর্তসাপেক্ষে বিভিন্ন কোটায় আবেদন করা যাবে।

৩। অনলাইন-এর মাধ্যমে আবেদন করার পদ্ধতি ঃ

ইসলামী বিশ্ববিদ্যালয়ের ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান/বিবিএ/ইঞ্জিনিয়ারিং/ফার্ম) শ্রেণিতে উপরে বর্ণিত ইউনিটের অন্তর্ভুক্ত বিভাগসমূহে ভর্তিচ্ছু আবেদনকারীগণকে ইসলামী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.iu.ac.bd/admission- এ নির্দেশিত ধাপসমূহ অনুসরণ করে আবেদন করতে হবে।

৪। আবেদনকারীদের বিশেষ জ্ঞাতব্য বিষয়সমূহ ঃ

(ক) আগামী ১০/০৫/২০২৩ তারিখ থেকে ২৭/০৫/২০২৩ তারিখ (রাত ১২টা ০ মিঃ) পর্যন্ত আবেদন করা যাবে।

(খ) প্রতি ইউনিটের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের আবেদন ফি ঃ A ইউনিট ৮৫০/= টাকা, B ইউনিট ১,০৫০/= টাকা, C ইউনিট ৬০০/= টাকা, D ইউনিট ৫০০/= টাকা এর সাথে আনুষঙ্গিক সার্ভিস চার্জ যোগ করতে হবে।

(গ) ভর্তিচ্ছু প্রত্যেক আবেদনকারীর জন্য সংশ্লিষ্ট ইউনিটের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক। ভর্তি পরীক্ষা জুন ২০২৩ এর ২য় সপ্তাহে অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষার বিস্তারিত সময়সূচী পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.iu.ac.bd/admission) ও বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।

(ঘ) প্রতি ইউনিটে ৮০ নম্বরের ভর্তি পরীক্ষা MCQ পদ্ধতিতে অনুষ্ঠিত হবে এবং প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা যাবে।

৫। বিদেশী শিক্ষার্থীদের জ্ঞাতব্য বিষয়সমূহ ঃ

ইসলামী বিশ্ববিদ্যলরে প্রচলিত বিদেশী ছাত্র-ছাত্রী ভর্তির নীতিমালা (Foreign Students Admission Ordinance) অনুযায়ী ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান/বিবিএ/ইঞ্জিনিয়ারিং/ফার্ম) শ্রেণিতে উপরোক্ত ইউনিটসমূহের অন্তর্ভূক্ত বিভাগে বিদেশী ছাত্র-ছাত্রীরাও ভর্তি হতে পারবে। এ বিষয়ে বিস্তারিত তথ্য ও নীতিমালা বিশ্ববিদ্যালয়ে ওয়েবসাইট www.iu.ac.bd-এ থেকে সংগ্রহ করা যাবে।

১৩/০৪/২০২৩
(এইচ.এম. আলী হাসান)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
ইসলামী বিশ্ববিদ্যালয়
কুষ্টিয়া